

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০২৭.২০১৪-২৬৮

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
২৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

যেহেতু, মোছাঃ মোর্শেদা বেগম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর-এর বিরুদ্ধে বিভিন্ন মামলা বর্তমানে বিচারাধীন থাকায় জেল হাজতে রয়েছেন এবং তিনি দীর্ঘদিন যাবৎ পরিষদের সাধারণ সভায় অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, মোছাঃ মোর্শেদা বেগম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর জেল হাজতে থাকায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) মোছাঃ মোর্শেদা বেগমকে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর সংশ্লিষ্ট ধারার বিধানমতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


২৯.০২.১৬

(শিখা দত্ত)
সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০২৭.২০১৪-২৬৮(১/১৪)

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
২৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৬। জেলা প্রশাসক, রংপুর।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপসচিব (আইন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
- ১২। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর।
- ১৩। মোছাঃ মোর্শেদা বেগম, ভাইস চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


২৯.০২.১৬

(শিখা দত্ত)
সহকারী সচিব